অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/5/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল আটটি নতুন #VAXTOSCHOOL পপ-আপ সাইটের কথা ঘোষণা করেছেন

12 সপ্তাহ জুড়ে রাজ্য ব্যাপী 120-টি সাইট প্রতিষ্ঠা করা হবে স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাকরণের হার বৃদ্ধি করার জন্য

নতুন সাইটের কথা সাপ্তাহিক ভিত্তিতে ঘোষণা করা হবে 12-সপ্তাহ সময় জুড়ে; সাইটগুলির সম্পূর্ণ তালিকা সাপ্তাহিক ভিত্তিতে হালনাগাদ করা হবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজ স্কুলে-যাওয়া-বয়সী নিউ ইয়র্কবাসীদের মধ্যে টিকাকরণের হার বাড়ানোর জন্য আটটি নতুন #VaxtoSchool পপ-আপ টিকাকরণ সাইটের কথা ঘোষণা করেছেন। 21 সেপ্টেম্বরে, গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে রাজ্যব্যাপী 12 সপ্তাহের মেয়াদে মোট 120-টি সাইট প্রতিষ্ঠিত হবে। স্বাস্থ্য দপ্তর (Department of Health) রাজ্যের সমস্ত অঞ্চলে এই সাইটগুলির স্থাপনে সহায়তা করার জন্য অকুস্থলে কাজ করা স্থানীয় স্বাস্থ্য বিভাগ, সম্প্রদায়-ভিত্তিক সংস্থা, এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলির সাথে কাজ করছে। অংশীদার, হোস্ট সাইট, এবং আউটরিচ প্রচেষ্টাগুলি সেই সব সম্প্রদায়ের জন্য তৈরি করা হয়েছে যাদের তারা পরিষেবা প্রদান করার জন্য তৈরি হয়েছে। নতুন অবস্থানগুলি ঘূর্ণায়মান ভিত্তিতে স্থানীয় কতৃপক্ষের সাথে অংশীদারিত্বে প্রতিষ্ঠিত হয় এবং 12 সপ্তাহ সময় জুড়ে প্রতি সপ্তাহে আরও সাইটের কথা ঘোষণা করা হবে।

"অকুস্থলে স্থানীয় কতৃপক্ষের সাথে অংশীদারিত্বে, আমাদের #VaxtoSchool সাইটগুলি স্কুলে-যাওয়ার-বয়সী নিউ ইয়র্কবাসীদের এবং তাদের পরিবরদের কাছে টিকাটি নিয়ে যাচ্ছে সুবিধাযুক্ত এবং সুগম উপায়ে," **গভর্নর হোচুল বলেন।** "কোভিড-19 টিকাটি নিরাপদ এবং কার্যকর - এবং এটি ভাইরাসটির বিরুদ্ধে আমাদের সব চেয়ে বড় সুরক্ষা। আমি যোগ্য স্কুলে-যাওয়ার-বয়সী নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারদের অনুরোধ করছি যত দ্রুত সম্ভব টিকা নিতে যাতে আমরা আমাদের স্কুল সম্প্রদায়গুলিকে সুস্থ্য এবং নিরাপদ রাখতে পারি।"

স্কুলে যাওয়ার বয়সী নিউ ইয়র্কবাসীদের বাবা-মা এবং অভিভাবকদের কোনো প্রশ্নের উত্তর দিতে প্রতিটি সাইটে একজন সম্প্রদায়-ভিত্তিক চিকিৎসা পেশাদারকে পাওয়া যাবে। টিকাকরণের ব্যবস্থা উন্নত করতে এবং নিউ ইয়র্কের সম্প্রদায়গুলি জুড়ে অ্যাকসেস নিশ্চিত করতে এই সপ্তাহে, #VaxtoSchool বাস - ভ্রাম্যমান টিকাকরণ প্রচেষ্টা - শুরু করা হচ্ছে রাজ্যব্যাপী সুবিধাজনক, স্কুলকেন্দ্রিক এলাকাগুলিতে।

এই ঘোষণা শিক্ষার্থীদের, শিক্ষকদের এবং পরিবারের স্বাস্থ্য ও কল্যাণকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার জন্য নিউইয়র্ক রাজ্যের অঙ্গীকারের উপর ভিত্তি করে গড়ে তোলে। 5 অক্টোবর পর্যন্ত, 61.3 শতাংশ 12 থেকে 15 বছর বয়সী এবং 70.9 শতাংশ 16 থেকে 25 বছর বয়সীরা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন।

স্কুল-বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য #VaxtoSchool পপ-আপ টিকাকরণ সাইটগুলির প্রত্যেকটির জন্য কর্মদিবস নিচে দেওয়া হল। #VaxtoSchool সাইটের সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে এবং 12 সপ্তাহের সময় জুড়ে সাপ্তাহিক ভিত্তিতে আপডেট করা হবে যখন নতুন সাইটগুলি ঘোষণা করা হবে, সেগুলি অন্তর্ভুক্ত করার জন্য। নতুন অবস্থানগুলি ঘূর্ণায়মান ভিত্তিতে প্রতিষ্ঠিত হয় এবং 12 সপ্তাহের সময় জুড়ে প্রতি সপ্তাহে আরও সাইটের কথা ঘোষণা করা হবে।

লং আইল্যান্ড
মিডল কান্ট্রি লাইব্রেরি (Middle Country Library)
575 মিডল কান্ট্রি রোড
সেলডেন, NY 11784
খোলা: মঙ্গলবার, 5 অক্টোবর; সকল 10:00-টা - দুপুর 2:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: সাফোক কাউন্টি

মিড-হাডসন
সালিভান কাউন্টি পাবলিক হেলথ সার্ভিসেস (Sullivan County Public Health Services)
50 কমিউনিটি লেন
লিবার্টি, NY 12754
খোলা: বুধবার, অক্টোবর 6; দুপুর 2:00-টা - সন্ধ্যা 6:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: সালিভান কাউন্টি

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট
স্টিফেন অ্যান্ড হ্যারিয়েট মায়ার্স মিডল স্কুল (Stephen and Harriet Myers Middle School)
1 এলবেল কোর্ট
অ্যালবেনি, NY 12209
বুধবার, অক্টোবর 6; বিকেল 5:00-টা - সন্ধ্যা 7:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: অ্যালবেনি কাউন্টি

লং আইল্যান্ড
জেরাল্ড রায়ান আউটরিচ সেন্টার (Gerald Ryan Outreach Center)
1434 স্ট্রেট পাথ,
ওয়ানডাচ, NY 11798

খোলা: বৃহস্পতিবার, অক্টোবর 7; বিকেল 4:00-টা - সন্ধ্যা 7:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: সাফোক কাউন্টি

সেন্ট্রাল নিউ ইয়র্ক
ফিঙ্গারলেকস মল (Fingerlakes Mall)
1579 ক্লার্ক স্ট্রিট রোড
অবার্ন, NY 13022
খোলা: শুক্রবার, 8 অক্টোবর; বিকেল 4:00-টা - বিকেল 5:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক, মডার্না এবং জ্যানসেন/J&J
ইভেন্ট পার্টনার: কায়ুগা কাউন্টি
একটি অ্যাপয়েন্টমেন্টের জন্য এখানে নিবন্ধন করুন।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক
লাফায়েট হাই স্কুল (Lafayette High School)
2885 মেইন স্ট্রিট,
বাফেলো, NY 14214
খোলা: শনিবার, 9 অক্টোবর; সকাল 11:00-টা - বিকেল 4:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক
ইভেন্ট পার্টনার: এরি কাউন্টি
এখানে নিবন্ধন করুন।

মিড-হাডসন
ভ্যালি সেন্ট্রাল হাই স্কুল (Valley Central School)
1175 স্টেট রুট 17K
মন্টগমারি, NY
খোলা: মঙ্গলবার, অক্টোবর 12; দুপুর 2:00-টা - বিকেল 5:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: অরেঞ্জ কাউন্টি

লং আইল্যান্ড
প্যাচোগ/মেডফোর্ড লাইব্রেরি (Patchogue/Medford Library)
54-60 ইস্ট মেইন স্ট্রিট
প্যাচোগ, NY 11772
খোলা: মঙ্গলবার, 12 অক্টোবর; সকল 10:00-টা - দুপুর 2:00-টা
টিকার ধরণ: ফাইজার-বায়োএনটেক (Pfizer-BioNTech)
ইভেন্ট পার্টনার: সাফোক কাউন্টি

12 থেকে 17 বছর বয়সী শিশুরা ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা নিতে পারে, যা 12 থেকে 15 বছর বয়সী শিশুদের জন্য জরুরি ব্যবহারের অনুমোদনের অধীনে উপলব্ধ এবং 16

বছর বা তার বেশি বয়সীদের জন্য সম্পূর্ণ অনুমোদিত। অন্যান্য কোভিড-19 টিকা এখনও এই বয়সের গোষ্ঠীর জন্য অনুমোদিত বা কতৃত্বপ্রাপ্ত নয়। আপনি যদি স্কুলে যাওয়া বয়সী নিউ ইয়র্কবাসীর বাবা-মা বা অভিভাবক হন, তাহলে আপনি vaccines.gov এও যেতে পারেন, আপনার জিপ কোড 438829 নম্বরে পাঠাতে পারেন, অথবা 1-800-232-0233 এ কল করতে পারেন আপনার নিকটতম একটি টিকাকরণের অবস্থান খুঁজে পেতে। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার (Pfizer)-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে।

কোভিড-19 টিকা এবং স্কুল-বয়সী শিশুদের সম্পর্কে আরও জানতে, নিউ ইয়র্কবাসীরা আমাদের নিবেদিত ওয়েবসাইট ny.gov/vaxtoschool দেখতে পারেন অথবা ইনস্টাগ্রামে @VaccinateNY অনুসরণ করতে পারেন।

বাবা-মায়েদের উৎসাহিত করা হয় তাদের সন্তান সমস্ত প্রস্তাবিত এবং প্রয়োজনীয় টিকার ক্ষেত্রে হালনাগাদ আছে তা নিশ্চিত করতে। অনুগ্রহ করে স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইট দেখুন প্রস্তাবিত শৈশব এবং কৈশোরের টিকা সম্পর্কে আরও তথ্যের জন্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন